ঝিনাইদহে আওয়ামী লীগের হরতাল বিরোধী মিছিল

বাংলাদেশ হেফাজত ইসলামের রবিবার দিন ব্যাপি ডাকা হরতালের কোন প্রভাব ঝিনাইদহে পড়েনি। সকাল রাস্তায় যান চলাচলা স্বাভাবিক ছিল তাছাড়া অন্যান্য দিনের মতই শহরের দোকান-পাট ছিল খোলা।

এদিকে সকালে শহরের পায়রা চত্বর থেকে জেলা আওয়ামী লীগের উদ্যোগে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এসময় অংশগ্রহণকারীরা হরতাল বিরোধী ও হেফাজতের নাশকতামুলক কর্মকান্ড বিরোধী নানা শ্লোগান দিতে থাকে। এছাড়াও শহরের বিভিন্ন স্থানে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা অবস্থান নেয়।

হাটহাজারীতে হেফাজত নেতার ছেলেকে ছাত্রলীগের মারধর

চট্টগ্রামে হাটহাজারী বাসস্ট্যান্ড চত্বরে সালেম (২০) নামে এক মাদ্রাসাছাত্রকে মারধর করেন ছাত্রলীগকর্মীরা।

রোববার বেলা সাড়ে ১১টার দিকে হাটহাজারী বাসস্ট্যান্ড চত্বরে এ ঘটনা ঘটে।

মাদ্রাসাছাত্র সালেম হেফাজতে ইসলামের কেন্দ্রীয় কমিটির সহসাংগঠনিক সম্পাদক মাওলানা ইদ্রিসের ছেলে বলে জানা গেছে।

এদিকে হাটহাজারী মাদ্রাসার আন্দোলনরত ছাত্র ও হেফাজত নেতৃবৃন্দরা চট্টগ্রাম-খাগড়াছড়ি মহাসড়কের বিভিন্ন স্থানে অবস্থান নিয়ে শান্তিপূর্ণভাবে হরতাল পালিত হচ্ছে। সকাল থেকে দুপুর ১টা পর্যন্ত উপজেলার কোথাও হরতালের সমর্থনে বিক্ষোভ

মিছিল দেখা যায়নি। তবে বেলা সাড়ে ১১টার দিকে হাটহাজারী বাসস্ট্যান্ড চত্বরে ছাত্রলীগের কর্মীরা মাদ্রাসাছাত্র সালেমকে মারধর করে।

এ সময় দায়িত্বরত পুলিশ সদস্যরা তাকে উদ্ধার করে এবং ছাত্রলীগের নেতাকর্মীদের সরিয়ে দেন। ওই ঘটনার রেশ ধরে চট্টগ্রাম-খাগড়াছড়ি মহাসড়কের ত্রিবেণী মোড়ে আন্দোলনরত শিক্ষার্থীরা পুলিশের সঙ্গে বাকবিতণ্ডা জড়ালে চট্টগ্রামের এসপি রাশিদুল হক বিষয়টি সুরাহা করেন।

ইসলামের কেন্দ্রীয় কমিটির সহসাংগঠনিক সম্পাদক মাওলানা ইদ্রিস জানান, মাদ্রাসাছাত্ররা হাটহাজারী বাসস্ট্যান্ড চত্বরে অবস্থান নিলে ছাত্রলীগকর্মীরা তাদের বাধা দেন। এ সময় তারা আমার ছেলেকে মারধর করেন। পরে পুলিশ সদস্যরা তাকে উদ্ধার করেন এবং ছাত্রলীগের নেতাকর্মীদের সরিয়ে দেন।

এ ছাড়া বেলা সাড়ে ১০টার দিকে চট্টগ্রাম রাঙামাটি মহাসড়কে ব্যারিকেড দিয়ে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়। এ সড়ক বন্ধ করে দেওয়ার পর পর হাটহাজারী মাদ্রাসার সামনে আবারও বিক্ষোভ করেন ছাত্ররা।

হরতালের কারণে সাধারণ মানুষের দুর্ভোগ চরম আকার ধারণ করেছে। এর আগে থেকেই সংঘর্ষের কারণে চট্টগ্রাম খাগড়াছড়ি মহাসড়ক বন্ধ করে দেন মাদ্রাসাশিক্ষার্থীরা।

এদিকে অপ্রীতিকর ঘটনা এড়াতে হাটহাজারীর বিভিন্ন পয়েন্টে পুলিশ, র্যা ব ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সাত প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

প্রসঙ্গত গত শুক্রবার দুপুর থেকে মাদ্রাসাছাত্র ও পুলিশের সংঘর্ষে চারজন নিহতের হওয়ার ঘটনা থেকে চট্টগ্রাম মহাসড়ক বন্ধ রয়েছে আজ রোববার বেলা ১০টা থেকে উপজেলার বিভিন্ন স্থানে সড়ক অবরোধের চেষ্টা করছেন হরতাল পালনকারীরা।

হেফাজতের ঢাকা সকাল-সন্ধ্যা হরতালের কারণে সাধারণ মানুষের দুর্ভোগ চরম আকার ধারণ করেছে। বিশেষ করে রোগী বহনকারী অ্যাম্বুলেন্স ও বয়স্ক মানুষদের দুর্ভোগ বাড়ছে।

সরেজমিন ঘুরে দেখা গেছে, যাত্রী সাধারণ পায়ে হেঁটে নিজেদের

গন্তব্যে পৌঁছেছেন। সকাল ৬টা থেকে সাড়ে ৭টা পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, কোথাও গাড়ি চলাচল নেই, মাঝেমধ্যে অটোরিকশা চলাচল করছে। সড়কে পুলিশের সাজায়া যানসহ পুলিশ, র্যা ব বিজিবি টহল দিতে দেখা গেছে।

রোববার সকাল পৌনে ৭টার দিকে কথা হয় পোশাককর্মী সালমা বেগমের সঙ্গে। তিনি বলেন, হরতালের কারণে পায়ে হেঁটে চাকরিতে যেতে হচ্ছে। আমাদের কষ্টের শেষ নেই। এগুলো দেখবে কে? বললেন তিনি।

ঢাকার ইউনাইটেড হাসপাতাল থেকে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরছিলেন মো. আবু তাহের। হাটহাজারী থানার সামনে তার সঙ্গে দেখা হলে তিনি এ প্রতিবেদককে বলেন, আমার বাড়ি ফটিকছড়ি উপজেলার খিরাম এলাকায়। চিকিৎসার জন্য ঢাকায় গিয়েছিলাম। কিন্তু হরতালের মধ্যে ঢাকা থেকে আসতে পারলেও চট্টগ্রাম শহর থেকে বাড়ি যেতে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। বিশেষ করে হাটহাজারী সদর থেকে।

হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রুহুল আমিন যুগান্তরকে বলেন, হরতালের শুরু থেকেই আমরা মাঠে আছি। তা ছাড়া তিন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সাত প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

এ বিষয়ে হাটহাজারী মডেল থানার ওসি মো. রফিকুল ইসলাম সাংবাদিকদের বলেন, সাধারণ মানুষের নিরাপত্তার জন্য সতর্ক রয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। উপজেলার প্রতিটি পয়েন্ট পুলিশে মোতায়েন রয়েছে। অপ্রীতিকর ঘটনা এড়াতে সাদা পোশাকেও পুলিশ মোতায়েন করা হয়েছে।

স্বাধীনতাবিরোধীরা ধর্মের নামে রাজনীতি করে মিথ্যাচার করছে: সমাজকল্যাণমন্ত্রী

সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ এমপি বলেছেন, ‘আমাদের স্বাধীনতার ইতিহাসকে নিয়ে যারা মিথ্যাচার করে জনগণকে ভুল

বুঝিয়েছেন, আজকে তারাই ধর্মের নামে রাজনীতি করে মানুষকে মিথ্যাচার করছেন। পবিত্র কোরআনের অপব্যাখ্যা দিয়ে মানুষকে বিপথগামী করতে চান তারা।’

মন্ত্রী বলেন, ‘বঙ্গবন্ধু বাঙালিদের মানুষ করে গেছেন। বাঙালিরা যা বলে তা করে, তা তিনি প্রমাণ করে গেছেন। বাঙালিরা শত শত বছর ধরে ছিল শাসিত। বাঙালিরা কোনো দিন শাসন করতে পারেননি, সেই বাঙালিদের বঙ্গবন্ধু শাসক বানিয়ে গেছেন। বঙ্গবন্ধু বাঙালিদের আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রতিষ্ঠিত করে গেছেন।’

রোববার লালমনিরহাট জেলা প্রশাসনের আয়োজনে ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ’ উদযাপন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন সমাজকল্যাণমন্ত্রী।

মন্ত্রী বলেন, ‘বঙ্গবন্ধু কোরআন সুন্নাহর আলোকে দেশ তৈরির জন্য যে ওয়াদা করে গেছেন, সে ওয়াদা তিনি পালন করে গেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও কোরআন সুন্নাহর আলোকে মানুষের কল্যাণে কর্মকাণ্ড বাস্তবায়ন করে যাচ্ছেন। কোরআনের অপব্যাখ্যা দিয়ে প্রধানমন্ত্রী সম্পর্কে মিথ্যাচার করে মানুষকে বিভ্রান্ত করতে পারবেন না। যারা স্বাধীনতাকে মেনে নেননি তারা বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে পরিণত হওয়া ও চলমান উন্নয়ন কর্মকাণ্ডকে নিয়ে মিথ্যাচার করেও কামিয়াব হবে না। ’

মন্ত্রী আরও বলেন, ‘যারা কোরআনের অপব্যাখ্যা করে মানুষকে বিভ্রান্ত করে রাজনৈতিক স্বার্থ হাসিল করতে চান, তারা কোনো দিনও সফল হবেন না। প্রধানমন্ত্রীর কর্মকাণ্ডে ১৭ কোটি মানুষের অবিচল আস্থা রয়েছে। শেখ হাসিনার হাত ধরে আমাদের অর্জন বিশ্বকে চমকে দিয়েছে। বঙ্গবন্ধুকে হত্যা করার পর দীর্ঘ ২১ বছর যারা ক্ষমতায় ছিল, এ দেশকে তারা কিছুই দেননি। তারা বঙ্গবন্ধুর অবদানকে অস্বীকার করে মুক্তিযুদ্ধের ইতিহাসকে মিথ্যাচারের মাধ্যমে মানুষকে বিপথগামী করতে চেয়েছিলেন।’

মিথ্যাচার না করে স্বাধীনতার সত্য ইতিহাসকে তুলে ধরে প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করার জন্য সবার প্রতি আহ্বান জানান সমাজকল্যাণমন্ত্রী।

লালমনিরহাট জেলার জেলা প্রশাসক মো. আবু জাফরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন লালমনিরহাট জেলা পরিষদ

চেয়ারম্যান অ্যাডভোকেট মতিউর রহমান, পুলিশ সুপার আবিদা সুলতানা ও লালমনিরহাট পৌরসভার মেয়র রেজাউল করিম স্বপন প্রমুখ।

মেহেরপুর জেলার শ্রেষ্ঠ ইমাম হলেন সুবিদপুর মোল্লাপাড়া জামে মসজিদের ইমাম-সাজেদুর রহমান

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উদ্যোগে মেহেরপুর জেলার ৩ জন শ্রেষ্ঠ ইমামের নাম ঘোষণা করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তনে ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক কে এম শাহীন কবীর জেলার ৩ জন শ্রেষ্ঠ ইমামদের নাম ঘোষণা করেন।
এতে মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের কাজী মোহাম্মদ আলীর ছেলে ও সুবিদপুর মোল্লাা পাড়া জামে মসজিদের ইমাম সাজেদুর রহমান প্রথম, নয়া হাঁপানিয়া গ্রামের রমজান আলীর ছেলে গাংনী উপজেলা জামে মসজিদের ইমাম ইলিয়াস হোসেন দ্বিতীয় এবং তেতুলবাড়িয়া গ্রামের মোহাম্মদ আলীর ছেলে পলাশীপাড়া জামে মসজিদের ইমাম সোহেল রানা ৩য় হিসাবে নাম ঘোষণা করা হয়।

মেহেরপুরে আঞ্চলিক ইজতেমা শুরু ১১ মার্চ

মেহেরপুর সরকারি কলেজ মাঠে আগামী ১১ মার্চ বুধবার শুরু হচ্ছে ৩

দিন ব্যাপী আঞ্চলিক তাবলিগি ইজতেমা। ১৩ মার্চ শুক্রবার আখেরি মোনাজাতের মধ্যে দিয়ে ইজতেমা শেষ হবে।
এ উপলক্ষে প্রস্তুতির অংশ হিসেবে মাঠ পরিকল্পনার নকশা প্রকাশ করা হয়েছে।

গাংনীতে ২৬ তম ধন্য বুধবার মহাসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ২৬ তম ধন্য বুধবার মহাসভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলার নিত্যানন্দনপুর সেন্ট টমাস চার্চের আয়োজনে মঙ্গল ও বুধবার ২ দিন ব্যাপি এ ধন্য বুধবার মহাসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মুল বচন,হে ইশ্বর আমাতে বিশুদ্ধ আন্ত:করন সৃষ্টি কর। আমার অন্তরে সুস্থির আত্মাকে নতুন করিয়া দাও।
ধন্য বুধবার মহাসভায় কুষ্টিয়া চার্চের বিশব হেমেন হালদার,মুজিবনগরের বল্লবপুরের মুত্যঞ্জয়ী মন্ডল ডিন সাহেব,জুগিন্দা সাধু চার্চের সাধারন সম্পাদক প্রকাশ মন্ডল,নিত্যানন্দপুর চার্চের সাধারন সম্পাদক বিকাশ মন্ডল,পাদরী উজুল বাবু ও রতন সরকার বিভিন্ন এলাকা থেকে আসা নারী পুরুষ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধুর ভাস্কর্য নিয়ে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য নিয়ে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে ঝিনেদা থিয়েটার, ভোর হলোসহ বিভিন্ন সংগঠনের আয়োজন শহরের মুজিব চত্বরে এ মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। এতে ব্যানার, ফেস্টুন নিয়ে জেলার সাংস্কৃতিক কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।
এ সময় বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ভোর হলো ঝিনাইদহ এর সভাপতি একরামুল হক লিকু, সম্মিলিত সাংস্কৃতিক জোট এর সাধারণ সম্পাদক রাজু আহম্মেদ মিজান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব খন্দকার হাফিজ ফারুক, সম্মিলিত সাংস্কৃতিক জোট জেলা শাখার প্রচার সম্পাদক এস এম রবি, অটোমোবাইল ওয়ার্কশপ সমিতির সভাপতি তৌহিদ হাসান, যুবলীগ নেতা জিকু শেখসহ অন্যান্যরা। এদিকে, একই সময়ে একই দাবিতে বঙ্গবন্ধু সৈনিক লীগ শহরের পায়রা চত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে। এ সময় বক্তব্য রাখেন, বঙ্গবন্ধু সৈনিক লীগ জেলা শাখার সভাপতি সৈয়দ আল ইমরান, সহ-সভাপতি আতিয়ার রহমান, সাধারণ সম্পাদক আব্দুল মান্নান রানা, সাংগঠনিক সম্পাদক শফিউর রহমান শফি, জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক খান জাহান আলী, এম এ জলিলসহ অন্যান্যরা। বক্তারা বলেন, স্বাধীনতা বিরোধী ও মৌলবাদি চক্র বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য নির্মাণের বিরোধিতার নামে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে। এসব অপব্যাখ্যাকারীদের দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানান মানববন্ধনে অংশগ্রহণকারীরা।

যতারপুর মাদরাসায় নব্য হাফেজদের পাগড়ি প্রদান

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর ইসলামিয়া দারুল উলুম মাদরাসার উদ্যোগে ৩১ তম বার্ষিক ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়েছে । মাহফিলে ১৫ জন নব্য হাফেজগণকে পাগড়ি প্রদান করা হয় ।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় যতারপুর ইসলামিয়া দারুল উলুম মাদরাসা প্রাঙ্গণে এই মাহফিলের আয়োজন করা হয়। মাদরাসার সভাপতি আলহাজ¦ মোঃ গোলাম সাত্তার’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোপালগঞ্জ সুলতান শাহী সুলতানুল উলুম মাদরাসার মুহতামিম

হযরত মাওলানা নাসির আহমাদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর সতিঘাটা মাদরাসার মুহাদ্দিস হযরত মাওলানা মুফতি মনিরুজ্জামান, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আলহাজ¦ মোঃ আমাম হোসেন মিলু ।

অত্র মাদরাসার মুহতামিম মোঃ খাদেমুল ইসলাম এর সঞ্চালনায় উপস্থিত নব্য হাফেজগণ মোঃ মুজাহিদ, মোঃ আবু জাফর, মোঃ আল রাহাত, মোঃ তানজিল মাহমুদ, মোঃ আল আয়মান সোহান মোঃ সুলাইমান, মোঃ নুর আলম, মোঃ ইমরান, মোঃ সজীব, মোঃ জাহিদ, মোঃ রাশিদুল, মোঃ সিহাব, মোঃ আমীর হামজা, মোঃ আব্দুল মাবুদ ও মোঃ নাসিরুল্লাহকে পাগড়ি দিয়ে সম্মানিত করেন প্রধান অতিথি হযরত মাওলানা নাসির আহমাদ।

এছাড়াও সকল নব্য হাফেজগণের অভিভাবকদের এবং তাদের লজিং এ নেওয়া পরিবারের সদস্যসহ মাদরাসার সকল কৃতি শিক্ষার্থীদের পুরষ্কার প্রদান করেন অতিথিবৃন্দরা।

পুরষ্কার প্রদান শেষে প্রধান অতিথি বক্তব্য প্রদান করে মাহফিলের সমাপ্তি ঘোষণা করেন

মহানবী হযরত (সা:) এর ব্যঙ্গচিত্রের প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের আলমপুরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করা হয়েছে।

মঙ্গলবার বিকালে আলমপুর উত্তর পড়ার জামে মসজিদের সাধারণ সম্পাদক মহাদ্দেছ আলীর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বিক্ষোভ মিছিলটি মেহেরপুর আলমপুর মোড় থেকে শুরু করে

মেহেরপুর গাংনী উপজেলার গাড়াডোবের মোড় ঘুরে একই স্থানে ফিরে এসে শেষ হয়। সমাবেশে বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, আমঝুপি ইউনিয়নের ২ নং ওর্য়ড আওয়ামী লীগের সেক্রেটারি আবুল হাসেম, হাফেজ মোঃ মফিদুল ইসলাম, সাজেদুল ইসলাম, ইউনুস, সাগর, সোহেল রানা, সবুজ, নিশান, আবুজার, নয়ন মাসুম প্রমুখ।

ফ্রান্সে মহানবীর ব্যঙ্গচিত্র প্রকাশ করায় আলমডাঙ্গায় হাজারো তৌহিদী জনতার বিক্ষোভ মিছিল

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মোহাম্মদ (সঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রকাশ করার প্রতিবাদে আলমডাঙ্গায় হাজারো বিক্ষুব্ধ তৌহিদি জনতার বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকেলে বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন করে। এ সময় হাজারো কণ্ঠের গগনবিদারী শ্লোগানে শ্লোগানে শহর প্রকম্পিত হয়ে ওঠে। বিক্ষোভ মিছিলের আয়োজন করে ইসলামী আন্দোলন বাংলাদেশের আলমডাঙ্গা উপজেলা শাখা।

মিছিলে নেতৃত্ব দেন আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মোঃ আকরাম হুসাইন, সহসভাপতি মোঃ আমিনুল ইসলাম, সাধারন সম্পাদক ডাক্তার ওয়ালিদ হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক হোসেন, মুজাহিদ কমিটির সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, সাধারন সম্পাদক মোঃ শরিফুল ইসলাম, যুব আন্দোলনের সভাপতি হাফেজ মোঃ মারুফ বিল্লাহ ও সাধারন সম্পাদক মুফতি মোঃ আশরাফুল ইসলাম প্রমুখ।